

ছাত্রলীগের সংঘর্ষের জেরে ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং

কলেজ বন্ধ ঘোষণা

নিজস্ব প্রতিবেদক, ময়মনসিংহ
 আধিপত্য বিস্তার কেন্দ্র করে
 ছাত্রলীগের দুপাকের সংঘর্ষের জেরে
 ধরে শীতকালীন ছুটি শুরুর ১১ দিন
 আগেই ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং
 কলেজ বন্ধ ঘোষণা করেছে কর্তৃপক্ষ।
 গত বৃহস্পতিবার রাত সাড়ে ৮টায়
 গণমাধ্যমকে এ তথ্য জানান কলেজের
 অধ্যক্ষ ড. নুরুল ইসলাম।
 তিনি বলেন, আগামী ১৪ ডিসেম্বর
 থেকে কলেজের শীতকালীন ছুটি শুরু
 হওয়ার কথা। কিন্তু ছাত্রদের মধ্যে ডুল
 বোকাবুকের কারণে ক্যাম্পাসে ১১ দিন
 আগেই বন্ধ করে দিতে হয়েছে। উর্ধ্বতন
 কর্তৃপক্ষের নির্দেশেই এ সিদ্ধান্ত নেওয়া
 হয়েছে। ড. নুরুল আরও বলেন, ছাত্ররা
 বৃহস্পতিবার রাত ৮টার মধ্যে ইল ত্যাগ
 করেছে। মেয়েদের গতকাল সকাল
 ১০টার মধ্যে এরপর পৃষ্ঠা ৯ কলাম ৩

ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং

(৩ এর পৃষ্ঠার পর) হল ত্যাগ করার
 নির্দেশ দেওয়া হয়েছে। আগামী ২৬
 ডিসেম্বর ক্যাম্পাসে ফুলবে। গত
 বৃহস্পতিবার বিকালে ছাত্রলীগ নেতা
 হাবিব ও রানা এরপর মধ্যে কলেজ
 ছুটির বিষয়ে কথাকটাকটির একপর্যায়ে
 সংঘর্ষ বাধে। এ সময় রানা ও সাকিবুল
 নামে দুজন আহত হন। পরে আহত
 দুজনকে ময়মনসিংহ মেডিক্যাল কলেজ
 হাসপাতালে ভর্তি করা হয়।